গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
তেজগাঁও উন্নয়ন সার্কেল অফিসারের কার্যালয়
ধোলাইপাড়, ঢাকা।

স্মারক নং:৪৬.৪১.২৬৯০.০০০০.০০০১.১৫.০০২.২৬-৬১ তারিখ:২১/৭/২০২৬

# কর্মে নিয়োজিতকরণ বিজ্ঞপ্তি

বিষয়: "ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬" কার্যক্রমে তথ্য সংগ্রহকারী (Enumerator) ও সুপারভাইজার পদে নিয়োজিতকরণ প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক দারিদ্র্য ও নিম্ন আয়ের পরিবারসমূহের জন্য "ফ্যামিলি কার্ড" কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতায় "ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬" পরিচালিত হবে। উক্ত শুমারি কার্যক্রম সুষ্ঠু, স্বচ্ছ, নির্ভুল ও সময়মতো সম্পন্ন করার উদ্দেশ্যে সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেলের আওতাধীন বাড্ডা, ভাটারা, সাতারকুল, বেরাইদ, ডুমনি, উত্তরখান, দক্ষিণখান, হরিরামপুর, সুলতানগঞ্জ, শ্যামপুর, দনিয়া, মাতুয়াইল, সারুলিয়া, ডেমরা, মান্ডা, দক্ষিণগাঁও ও নাসিরাবাদসহ মোট ১৭ (সতের) টি ইউনিয়নের ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে ৩৭,৩৮,৩৯, ৪০, ৪১, ৪২,৪৩,৪৪,৪৫, ৪৬,৪৭, ৪৮,৪৯, ৫০, ৫১,৫২,৫৩ ও ৫৪ নং ওয়ার্ডের এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে ৫৫,৫৬,৫৭ ৫৮, ৫৯,৬০,৬১,৬২,৬৩,৬৪,৬৫,৬৬,৬৭, ৬৮,৬৯, ৭০,৭১,৭২,৭৩,৭৪ ও ৭৫ নং ওয়ার্ডসহ মোট ৩৯ (উনচল্লিশ) টি ওয়ার্ডের কর্ম-এলাকায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে তথ্য সংগ্রহকারী (Enumerator) এবং সুপারভাইজার নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে যোগ্য, আগ্রহী ও দায়িত্বশীল বাংলাদেশি নাগরিকদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে-

১। পদের বিবরণ

| ক্রম | পদের নাম | পদসংখ্যা | যোগ্যতা | অযোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | তথ্য সংগ্রহকারী | মূল:১০৭৬+সংরক্ষিত:১২০=১১৯৬টি | ১। বয়স: আবেদনকারীর বয়স ১৮ (আঠারো) বছর হতে ৪০ (চল্লিশ) বছরের মধ্যে হতে হবে।<br>২। শিক্ষাগত যোগ্যতা: ন্যূনতম উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>৩। ডিজিটাল দক্ষতা: ট্যাবলেট/স্মার্টফোন পরিচালনা সংক্রান্ত ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম ৭০ (সত্তর) শতাংশ নম্বর অর্জন করতে হবে।<br>৪। ভৌগোলিক জ্ঞান: দায়িত্বপ্রাপ্ত এলাকার ভৌগোলিক অবস্থান, সড়ক যোগাযোগ, মহল্লা/ওয়ার্ড এবং স্থানীয় পরিবেশ সম্পর্কে পর্যাপ্ত ব্যবহারিক জ্ঞান থাকতে হবে।<br>৫। শারীরিক সক্ষমতা: মাঠপর্যায়ে দায়িত্ব পালনে শারীরিকভাবে সক্ষম এবং প্রয়োজনে দুর্গম বা প্রতিকূল এলাকায় দায়িত্ব পালনে আগ্রহী ও সক্ষম হতে হবে। | ১। কোনো ফৌজদারি মামলায় আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত ব্যক্তি।<br>২। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, রাষ্ট্রায়ত্ত বা স্থানীয় সরকার প্রতিষ্ঠানে বেতনভুক্ত কর্মরত ব্যক্তি।<br>৩। তথ্য সংগ্রহকারী (Enumerator) পদের জন্য অনুষ্ঠিত ব্যবহারিক পরীক্ষায় নির্ধারিত ৭০% নম্বর অর্জনে ব্যর্থ প্রার্থী।<br>৪। পূর্বে সরকারি বা বেসরকারি কোনো শুমারি, জরিপ বা তথ্য সংগ্রহ কার্যক্রমে দায়িত্ব পালনকালে দায়িত্বে অবহেলা, তথ্য জালিয়াতি, অসদাচরণ বা অনিয়মের অভিযোগে দোষী সাব্যস্ত বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্ব থেকে অব্যাহতি/অযোগ্য ঘোষিত ব্যক্তি। |
| ২ | সুপারভাইজার | মূল:১০৮+সংরক্ষিত: ১১=১১৯টি | ১। বয়স: আবেদনকারীর বয়স ২৫ (পঁচিশ) বছর হতে ৪৫ (পঁয়তাল্লিশ) বছরের মধ্যে হতে হবে।<br>২। শিক্ষাগত যোগ্যতা: ন্যূনতম স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>৩। ডিজিটাল দক্ষতা: ট্যাবলেট পরিচালনা এবং নির্ধারিত ওয়েব অ্যাপ্লিকেশন ব্যবহারে দক্ষ হতে হবে এবং এ সংক্রান্ত ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম ৮০ (আশি) শতাংশ নম্বর অর্জন করতে হবে।<br>৪। ভৌগোলিক জ্ঞান: দায়িত্বপ্রাপ্ত এলাকার ভৌগোলিক অবস্থান, ওয়ার্ড, মহল্লা, সড়ক যোগাযোগ ও স্থানীয় পরিবেশ সম্পর্কে পর্যাপ্ত ব্যবহারিক জ্ঞান থাকতে হবে।<br>৫। নেতৃত্ব ও ব্যবস্থাপনা দক্ষতা: তথ্য সংগ্রহকারীদের কার্যক্রম তদারকি, সমন্বয়, সমস্যা সমাধান এবং প্রতিবেদন প্রস্তুতকরণে সক্ষমতাসহ কার্যকর নেতৃত্ব, সমন্বয় ও যোগাযোগ দক্ষতা থাকতে হবে। | ১। কোনো ফৌজদারি মামলায় আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত ব্যক্তি।<br>২। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, রাষ্ট্রায়ত্ত অথবা স্থানীয় সরকার প্রতিষ্ঠানে বেতনভুক্ত কর্মরত ব্যক্তি।<br>৩। তথ্য সংগ্রহকারী (Enumerator) পদের জন্য অনুষ্ঠিত ব্যবহারিক পরীক্ষায় নির্ধারিত ৭০ (সত্তর) শতাংশ নম্বর অর্জনে ব্যর্থ প্রার্থী।<br>৪। পূর্বে সরকারি বা বেসরকারি কোনো শুমারি, জরিপ অথবা তথ্য সংগ্রহ কার্যক্রমে দায়িত্ব পালনকালে দায়িত্বে অবহেলা, তথ্য জালিয়াতি, অসদাচরণ বা অনিয়মের অভিযোগে দোষী সাব্যস্ত অথবা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অযোগ্য ঘোষিত ব্যক্তি। |

২। আবেদনপত্র সংগ্রহ ও দাখিলের স্থান: সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেল, নাবিস্কো, তিব্বতের মোড়, কক্ষ নং-৪০২, তেজগাঁও, ঢাকা। আবেদন ফরম লিংক:www.dss.tejgaoncircle.dhaka.gov.bd,

৩। আবেদনপত্র বিতরণ ও দাখিলের সময়: ২১/০৭/২০২৬ খ্রি. হতে ২৬/০৭/২০২৬ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (বিকাল ৪:০০টা পর্যন্ত) আবেদনপত্র সংগ্রহ ও যথাযথভাবে পূরণপূর্বক নির্ধারিত স্থানে সরাসরি দাখিল করতে হবে।

৪। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় ও স্থান:তারিখ: ২৭/০৭/২০২৬ খ্রি., সময়: সকাল ১১:০০ ঘটিকা স্থান: সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেল, নাবিস্কো, তিব্বতের মোড়, তেজগাঁও, ঢাকা।

৫। অন্যান্য শর্তাবলি:

৫.১। আর্থিক সুবিধা: নির্বাচিত প্রার্থীগণ সরকার কর্তৃক নির্ধারিত হারে সম্মানী/পারিশ্রমিক ও অন্যান্য প্রাপ্য সুবিধা প্রাপ্ত হবেন।

৫.২। আবেদনপত্রের সঙ্গে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি এবং পেশাগত যোগ্যতা ও অভিজ্ঞতার প্রমাণপত্র (যদি থাকে) সংযুক্ত করে নির্ধারিত সময়ের মধ্যে সরাসরি নির্ধারিত কার্যালয়ে জমা দিতে হবে। অন্য কোন মাধ্যম গ্রহণযোগ্য নয় ।

৫.৩। তথ্য সংগ্রহকারী (Enumerator) পদের মোট শূন্যপদের ৫০% নারী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

৫.৪। তথ্য সংগ্রহকারী (Enumerator) এবং সুপারভাইজার—উভয় পদের ক্ষেত্রে স্নাতক বা তদূর্ধ্ব শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) পরিচালিত শুমারি/জরিপ কার্যক্রমে পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।

৫.৫। তথ্য সংগ্রহকারীগণ নির্ধারিত এলাকায় গৃহভিত্তিক শুমারি পরিচালনা করে নির্ধারিত পদ্ধতিতে তথ্য সংগ্রহ করবেন এবং সংগৃহীত সকল তথ্যের গোপনীয়তা কঠোরভাবে সংরক্ষণ করবেন।

৫.৬। সংগৃহীত তথ্য নির্ধারিত মোবাইল অ্যাপ্লিকেশনে যথাযথভাবে এন্ট্রি করতে হবে। কোনো অবস্থাতেই অসম্পূর্ণ, ভুল, বিভ্রান্তিকর অথবা যাচাইবিহীন তথ্য গ্রহণ বা প্রদান করা যাবে না।

৫.৭। শুমারি কার্যক্রমে ব্যবহৃত ট্যাবলেট, মোবাইল ডিভাইস এবং অন্যান্য সরকারি সরঞ্জাম যথাযথ যত্নসহকারে ব্যবহার ও সংরক্ষণ করতে হবে। কার্যক্রম শেষে কর্তৃপক্ষের নিকট সকল সরঞ্জাম যথাযথভাবে ফেরত প্রদান বাধ্যতামূলক।

৫.৮। দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, তথ্য বিকৃতি, তথ্য গোপন, জালিয়াতি অথবা অন্য কোনো অনিয়ম প্রমাণিত হলে সংশ্লিষ্ট ব্যক্তির নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল করা হবে এবং প্রচলিত আইন ও বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫.৯। নির্বাচিত সকল প্রার্থীর জন্য কর্তৃপক্ষ নির্ধারিত প্রশিক্ষণে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে অংশগ্রহণে ব্যর্থ হলে নিয়োগ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

৫.১০। এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী এবং শুধুমাত্র "ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬" কার্যক্রম বাস্তবায়নের উদ্দেশ্যে প্রযোজ্য হবে। নিয়োগপ্রাপ্ত ব্যক্তি ভবিষ্যতে এ নিয়োগের ভিত্তিতে কোনো স্থায়ী নিয়োগ বা চাকরির দাবি করতে পারবেন না।

৫.১১। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে বিজ্ঞপ্তির যে কোনো শর্ত সংশোধন, সংযোজন, পরিবর্তন অথবা বাতিল করার পূর্ণ অধিকার সংরক্ষণ করে। এ নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৫.১২। জরুরী যোগাযোগ:০১৮১৭১২৪৫২৭, ০১৮৮৬৭১০২২৮

২১/০৭/২০২৬

সার্কেল অফিসার
তেজগাঁও উন্নয়ন সার্কেল অফিসারের কার্যালয়
ধোলাইপাড়, ঢাকা
ও সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারী তথ্য সংগ্রহকারী নির্বাচন কমিটি

স্মারক নং:৪৬.৪১.২৬৯০.০০০০.০০০১.১৫.০০২.২৬-৬১ তারিখ:২১/৭/২০২৬

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা ।
২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা ।
৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা ।
৪। সহকারি পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা ।
৫। অফিস কপি, সংশ্লিষ্ট নথি ।

২১/০৭/২৬

ইনসান আলী
সমাজসেবা অফিসার
তেজগাঁও সার্কেল, ঢাকা ।
ও সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারী তথ্য সংগ্রহকারী নির্বাচন কমিটি